## প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৪৮টি প্রতিষ্ঠানকে ২.১৯ লক্ষ টাকা জরিমানা

**৯ মার্চ ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, নেত্রকোণা, শেরপুর, গোপালগঞ্জ, গাইবান্ধা, বরগুনা, দিনাজপুর, সুনামগঞ্জ, নাটোর, বাগেরহাট, ঝিনাইদহ, মৌলভীবাজার ও নীলফামারীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর রূপনগর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে বনলতা সুইটস এন্ড বেকারীকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ইকবাল ফার্মেসীকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে সিলসিলা হোটেল এন্ড রেস্টুরেন্টকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে নেত্রকোণা সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জের টুঙ্গীপাড়া উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **১৮,০০০/- (আঠার হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, ওজনে কারচুপি, ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

গাইবান্ধা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে বরগুনার বেতাগী উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৭,২০০/- (সাত হাজার দুইশত)** টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুরের খানসামা উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, নাটোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফারুক আহমেদের নেতৃত্বে নাটোরের লালপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাট সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং নীলফামারী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে নীলফামারীর জলঢাকা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **৮৪,৭০০/- (চুরাশি হাজার সাতশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ওজনে কারচুপি, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের উপ-পরিচালক শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মাস্টার মেক্সিকান গ্রিল ও খানা পিনা রেস্তোরাকে **২,০০০/- (দুই হাজার)** টাকা করে **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে হোসেন বেকারী এন্ড কনফেকশনারী ও Westeros কে যথাক্রমে **৪,০০০/- (চার হাজার)** টাকা ও **২,০০০/- (দুই হাজার)** টাকা, সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Westeros কে **২,০০০/- (দুই হাজার)** টাকা এবং ঢাকা জেলা

কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ক্যাফে জান্নাত ও ইনট্রাস্ট রেস্টুরেন্ট এন্ড পার্টিসেন্টারকে যথাক্রমে **১,০০০/- (এক হাজার)** টাকা ও **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকাসহ মোট **১০,৫০০/- (দশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৫ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৬২৫/- (দুই হাজার ছয়শত পঁচিশ)** টাকা প্রদান করা হয়।

রংপুর বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক খন্দকার মোহাম্মদ নূরুল আমীন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে কফি হাউজ, প্রাইম মেডিক্যাল কলেজ হাসপাতাল ও কাসফিয়াকে যথাক্রমে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **১৭,০০০/- (সতের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,২৫০/- (চার হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৪টি** বাজার তদারকির ও **১০টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৪৮টি** প্রতিষ্ঠানকে মোট **২,১৯,২০০/- (দুই লক্ষ উনিশ হাজার দুইশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১০ জন** অভিযোগকারীকে মং **৭,৮৭৫/- (সাত হাজার আটশত পঁচাত্তর)** টাকা প্রদান করা হয়। এছাড়া গত ৭ মার্চ ২০১৬ তারিখে ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আবদুল মজিদ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে **৫টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা ও প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৬ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,০০০/- (চার হাজার)** টাকা প্রদান করা হয়। গত ৮ মার্চ ২০১৬ তারিখে চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রামের পাঁচলাইশ থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মেসার্স লুসিয়াস চিকেনকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, প্রাণীসম্পদ অফিসার এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ মাসুম আরেফিন)
সহকারী পরিচালক (তদন্ত)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, নেত্রকোণা, শেরপুর, গোপালগঞ্জ, গাইবান্ধা, বরগুনা, দিনাজপুর, সুনামগঞ্জ, নাটোর, বাগেরহাট, ঝিনাইদহ, মৌলভীবাজার, নীলফামারী।
৭। পুলিশ সুপার, ঢাকা, নেত্রকোণা, শেরপুর, গোপালগঞ্জ, গাইবান্ধা, বরগুনা, দিনাজপুর, সুনামগঞ্জ, নাটোর, বাগেরহাট, ঝিনাইদহ, মৌলভীবাজার, নীলফামারী।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।